

বাংলাদেশ



গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, জুন ৬, ২০১৯

৩য় খণ্ড

প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ

[একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত]

প্রতিরক্ষা মন্ত্রণালয়

প্রজ্ঞাপন

তারিখ : ০৫ বৈশাখ ১৪২৬/১৮ এপ্রিল ২০১৯

নং ২৩.০০.০০০০.০৭০.১৯.০০৭.১৫.৭৮—বাংলাদেশ বিমানবাহিনীর ফ্লাইট লেফটেন্যান্ট ফাহিমা নুসরাত ঝড় (বিডি/৯৯০৯), মেট-কে বিমানবাহিনী নির্দেশিকা ১/৯৩ অনুযায়ী প্রশিক্ষণ শুরুর তারিখ অর্থাৎ ০৩ মার্চ ২০১৭ তারিখের পরিবর্তে ০২ মার্চ ২০১৭ তারিখ থেকে মেট শাখা হতে জিডি(পি) শাখায় শাখা পরিবর্তন করা হলো।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারাহ শামী
উপসচিব।

শাখা ডি-৭ (বিমানবাহিনী)

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৬/০৬ মে ২০১৯

নং ২৩.০০.০০০০.০৭০.৬৯.০৮০.১৯.৮৯—বাংলাদেশ বিমানবাহিনীর ক্ষোয়াড্রন লিডার এস এম তোহিদুল ইসলাম (বিডি/৮৯১৪), জিডি(পি)-কে বিমানবাহিনী অ্যাস্ট্ৰুল রুলস് ১৯৫৭ এর রুল ২৪(৯) অনুযায়ী অবসর প্রদান করা হলো। তিনি বিধি অনুসারে অবসর ভাতা, রেশনের পরিবর্তে অর্থ, চিকিৎসা ভাতা এবং চিকিৎসা সুবিধা প্রাপ্ত হবেন। তাঁর নিকট কোন পাওনা থাকলে তা কম্যুটেশনের অর্থ থেকে সমন্বয় করা হবে।

২। প্রচলিত বিধি অনুযায়ী তিনি সংশ্লিষ্ট সুবিধাদি প্রাপ্ত হবেন।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারাহ শামী
উপসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৬/৬ মে ২০১৯

নং ২৩.০০.০০০০.১৮০.১৩.০৮১.১৯-২০৩—বাংলাদেশ সেনাবাহিনীর নিম্নবর্ণিত ২(দুই) জন অফিসারকে তাঁদের নামের পার্শ্বে বর্ণিত বিধি অনুযায়ী কর্তনসহ বাংলাদেশ আর্মি অ্যাস্ট্ৰুল সেকশন-১৮, আর্মি অ্যাস্ট্ৰুল রুলস് ১২(১), আর্মি রেগুলেশন (রুলস്) ২৬১, আর্মি রেগুলেশন (ইনস্ট্রাকশন) ১৬৯ এবং কমপেনডিয়াম আব মিলিটারি পেনশন, ১৯৮১, রুল-১৬ অনুযায়ী বাংলাদেশ সেনাবাহিনীর চাকরি থেকে স্বেচ্ছায় (অকালীন) অবসর প্রদান করা হলো :

১	২	৩
ক্রমিক নম্বর	আর্মি নম্বর, পদবি ও নাম	বিধি অনুযায়ী কর্তনের হার
১	বিএ-১০১১২২ লে. কর্নেল মোহাম্মদ হোসাইন সাদেক বিন সাঈদ, এএমসি	(ক) স্বেচ্ছায় (অকালীন) অবসরগ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, বুল-১৬ অনুযায়ী প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে। (খ) তিনি ২৬ ফেব্রুয়ারি ২০১৪ থেকে ২৮ সেপ্টেম্বর ২০১৬ তারিখ পর্যন্ত আর্মড ফোর্সেস মেডিকেল ইনসিটিউট (এএফএমআই)-তে এফসিপিএস (মেডিসিন) সম্পন্ন করার ৩য় বর্ষের মধ্যে স্বেচ্ছায় আবেদন করায় আর্মি রেগালেশন (বুল্স) ২৫৭-এর এ্যাপেন্ডিক্স ‘এইচ’ অনুযায়ী তাঁর নিকট থেকে টাকা ২০,০০০/- (বিশ হাজার টাকা)) সরকারি কোষাগারে জমা করতে হবে।
২	বিএ-৭২৭৩ মেজর শাফায়াত আহমদ, পদাতিক	স্বেচ্ছায় (অকালীন) অবসরগ্রহণের কারণে কমপেনডিয়াম অব মিলিটারি পেনশন, ১৯৮১, বুল-১৬ অনুযায়ী প্রাপ্য পেনশন থেকে ২৫% কর্তন হবে।

২। প্রচলিত বিধি অনুযায়ী তাঁরা অবসর সংক্রান্ত প্রাপ্য আর্থিক ও অন্যান্য সুযোগ-সুবিধা প্রাপ্য হবেন।

৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ওয়াহিদা সুলতানা
উপসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ বৈশাখ ১৪২৬/০২ মে ২০১৯

নং ২৩.০০.০০০০.১৪০.১১.১৫৩.১৮-১১৯—পুনরাদেশ না দেয়া পর্যন্ত দক্ষিণ কোরিয়ার সিউলস্থ বাংলাদেশ দূতাবাসে সদ্য অনুমোদিত প্রতিরক্ষা শাখায় জেসিও (করণিক) হিসাবে বিডি/৪৬৪৪৫১ ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ খাদিমুর রব, সেকং এসি (জিডি)-কে নিম্নলিখিত শর্তে নির্দেশক্রমে নিয়োগ প্রদান করা হল :

- (ক) তিনি বেতন-ভাতাদি, বৈদেশিক ভাতা, চিকিৎসা সুবিধা, বাসস্থান, যাতায়াত, ব্যক্তিগত মালামাল পরিবহন এবং আনুষঙ্গিক খরচ প্রচলিত আইন ও বিধি মোতাবেক প্রাপ্য হবেন;
- (খ) এ বদলি সংক্রান্ত ব্যয় প্রতিরক্ষা গোয়েন্দা মহাপরিদণ্ডের ২০১৮-২০১৯ অর্থ বছরের “প্রতিঠান কোড-১১৯ প্রতিরক্ষা মন্ত্রণালয়, ১১৯০৯ আন্তঃবাহিনীসমূহ পরিচালন এবং ১১৯০৯১১০০০০০০ প্রতিরক্ষা অ্যাটাচী খাত” থেকে নির্বাহ করা হবে;
- (গ) আউটফিট ও বদলি মজুরি বাংলাদেশ বিমান বাহিনীর চলাতি বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে প্রাপ্য হবেন;
- (ঘ) বিদেশে চাকরিকালে বাংলাদেশ বিমান বাহিনীতে তাঁর চাকরিস্থল বহাল থাকবে;
- (ঙ) কর্মসূলে যোগদানের উদ্দেশ্যে কোনোরূপ অধিম গ্রহণ করলে ভ্রমণ শেষে বিলের মাধ্যমে সমন্বয় করতে হবে; এবং
- (চ) বিডি/৪৬৪৪৫১ ওয়ারেন্ট অফিসার মোহাম্মদ খাদিমুর রব, সেকং এসি (জিডি) সপরিবারে (স্ত্রী-মোছঃ ফাতেমা খানম, কন্যা মোছাঃ কামরুন নাহার জুই ও পুত্র-ফাহিম আহমেদ) দক্ষিণ কোরিয়ার সিউল গমন করতে পারবেন।

২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারিকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারাহ শামী
উপসচিব।

প্রজ্ঞাপন

তারিখ : ২২ বৈশাখ ১৪২৬/০৫ মে ২০১৯

নং ২৩.০০.০০০০.১৬০.১৩.১৪১.১৯.১১৫—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন বাংলাদেশ জরিপ অধিদপ্তরের সহকারী পরিচালক (জরিপ) জনাব মোঃ রাজিউদ্দিন এর এসএসসি সনদপত্র অনুযায়ী জন্ম তারিখ ০৮ এপ্রিল ১৯৬০। The Public Servants (Retirement) Act 1974 এর সংশোধনী Public Servants (Retirement) (Amendment) Ordinance 2011 অনুযায়ী ০৭ এপ্রিল ২০১৯ তারিখ তাঁর বয়স ৫৯ (উনষাট) বছর পূর্ণ হওয়ায় উক্ত তারিখ হতে তাঁকে সরকারি চাকরি হতে অবসর প্রদান করা হলো এবং তাঁর অনুকূলে ০৮ এপ্রিল ২০১৯ থেকে ০৭ এপ্রিল ২০২০ তারিখ পর্যন্ত মোট ১ (এক) বছর পূর্ণ গড় বেতনে অবসর উভয় ছুটি (পিআরএল) মঙ্গের করা হলো।

২। তিনি প্রচলিত বিধি অনুযায়ী তাঁর ছুটির প্রাপ্ত্যা অনুসারে সর্বোচ্চ ১৮ মাস ছুটির বিনিময়ে সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসেবে প্রাপ্ত হবেন।

৩। তিনি প্রচলিত বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্ত হবেন।

**নূরনাহার চৌধুরী
উপসচিব।**

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ বৈশাখ ১৪২৬/০৬ মে ২০১৯

নং ২৩.০০.০০০০.১২০.১৩.০০১.১৬-১৫১—প্রতিরক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন মিলিটারি ইঞ্জিনিয়ার সার্ভিসেস (এমইএস)-এর সিনিয়র উপসহকারী প্রকৌশলী বি/আর, জনাব মোঃ গোলাম মাওলা (ব্যক্তিগত নম্বর ৮০৪৯৫)-কে গণকর্মচারী (অবসর) আইন ১৯৭৪, (Amendment Act No. XII of 1974)-এর অনুচ্ছেদ ৯(১) অনুযায়ী তাঁর চাকরি ২৫ বছর পূর্ণ হওয়ায় তাঁর আবেদনের প্রেক্ষিতে ০১ মার্চ ২০১৯ তারিখ থেকে তাঁকে অবসর প্রদান করা হলো।

২। অর্থ বিভাগের ১৫ ডিসেম্বর ২০১৫ তারিখের চাকরি (বেতন ও ভাতাদি) আদেশের অনুচ্ছেদ ১০(২) (ক) ও (খ) অনুযায়ী তিনি ১৮ (আঠার) মাসের সর্বশেষ আহরিত মূল বেতনের সমপরিমাণ অর্থ এককালীন (থোক) হিসেবে এবং বিধি অনুযায়ী অবসরজনিত সুবিধাদি প্রাপ্ত হবেন।

**রাষ্ট্রপতির আদেশক্রমে
মোহাম্মদ ওয়ালিউল ইসলাম
সহকারী সচিব।**